# ২০২৪

# বাংলা

## (অনার্স)

## (জেনেরিক ইলেকটিভ)

## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

## তৃতীয় সেমেস্টার

## কোর্স কোর্ড : BENG-H-GE-T-1

## [বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ), ছন্দ, অলংকার, বৈষ্ণব পদাবলী ]

## [CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২ $\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) ‘এও যে দেখি রক্তের মতো রাঙা দুটি জবাফুল’— কোন্ অলংকারের উদাহরণ? বুঝিয়ে দাও।

খ) মহোপমা কী? সাধারণত কোন্ ধরনের কাব্যে এর প্রয়োগ দেখি?

গ) শ্রীচৈতন্যদেবের আবির্ভাব ও তিরোধান কাল উল্লেখ করো।

ঘ) উদাহরণ সহযোগে শ্লেষ অলংকারের সংজ্ঞা আলোচনা করো।

ঙ) বিজয়গুপ্ত কোন বাংলার কবি? তাঁর লেখা মঙ্গলকাব্যটির নাম কী?

চ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কে, কোন্ স্থান থেকে আবিস্কার করেন?

(পরের পাতায়)

ছ) অভয়ামঙ্গল কার লেখা? তিনি আনুমানিক কোন সময়ের কবি?

জ) 'রাধার কি হৈল অন্তরে ব্যথা' - পদটি কোন্ পর্যায়ের পদ? পদটির রচয়িতা কে?

ঝ) বাচ্যোৎপ্রেক্ষা কাকে বলে? উদাহরণ দাও।

ঞ) ছেদ ও যতির দুটি পার্থক্য লেখো।

ট) 'অমিত্রাক্ষর'—এরূপ নামকরণের কারণ কী?

ঠ) বৈষ্ণব পদাবলীর পঞ্চরসের নাম করো।

ড) বাংলা ভাষায় রচিত সর্বশ্রেষ্ঠ চৈতন্য জীবনী কাব্যের রচয়িতার নাম উল্লেখ করে কাব্যের নাম লেখো।

ঢ) চণ্ডীমঙ্গল-কাহিনি কয়টি খণ্ডে বিভক্ত ও খণ্ডগুলির নাম লেখো।

ণ) চর্যাপদের আদি পদকর্তা কে? তাঁর রচিত পদের সংখ্যা কয়টি?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'এ সখি হামারি দুখের নাহি ওর'— কোন্ পর্যায়ের পদ? পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

খ) কবি কৃত্তিবাসের রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি কী কী?

গ) চৈতন্যজীবনী কাব্য রূপে 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটির গুরুত্ব আলোচনা করো।

ঘ) 'আমার শপতি লাগে' — পদটির পর্যায় উল্লেখ করে কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

ঙ) টীকা লেখো (যে-কোন **দুটি**) :
যমক, বক্রোক্তি, অনুপ্রাস।

চ) ছন্দোলিপি নির্ণয় করো :
ধরণী এগিয়ে আসে দেয় উপহার,
ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আমার।



৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বৈষ্ণব পদাবলী সাহিত্যে বিদ্যাপতি ও চণ্ডীদাসের তুলনামূলক আলোচনা করো। ৫+৫

খ) মাথুর বিরহ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্যপদ অবলম্বনে কবির কবি-কৃতিত্ব ব্যাখ্যা করো।

গ) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের সামাজিক চিত্র ও কাব্যমূল্য আলোচনা করো। ৫+৫

ঘ) আগমনী ও বিজয়া গানের রচয়িতা হিসেবে সাধক কমলাকান্ত ভট্টাচার্যর কৃতিত্ব নিরুপণ করো।

———————